সংবাদ

তারিখ ... ৪।২।৮২
পৃষ্ঠা ... কলাম ...

25

055

## প্রাথমিক শিক্ষকের পদ শূন্য থাকায় লেখাপড়া ব্যাহত

ভৈরব, ১লা ফেব্রুয়ারী (নিজস্ব সংবাদদাতা)।—ভৈরবসহ কিশোরগঞ্জ মহকুমার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে প্রায় ৪ বছর যাবৎ ২৩২টি প্রাথমিক শিক্ষকের পদ শূন্য আছে বলে বিশ্বস্ত সূত্রে জানা গেছে। ফলে প্রয়োজনীয় শিক্ষকের অভাবে মহকুমার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের লেখাপড়া দারুণভাবে ব্যাহত হচ্ছে।

এ ব্যাপারে মহকুমা শিক্ষা কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি জানান, ইতিমধ্যে মহকুমার প্রাথমিক শিক্ষকের শূন্যপদে ১৩২ জন মহিলা এবং ৩৫ জন পুরুষসহ সর্বমোট ১৬৭জন শিক্ষক নিয়োগ করা হয়েছে। পর্যায়ক্রমে চলতি বছরের মধ্যেই শূন্যপদে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক নিয়োগ করা হবে বলে মহকুমা শিক্ষা কর্মকর্তা জানিয়েছেন।

## শ্রীনগর কলেজের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত

গত ২৮শে জানুয়ারী বিক্রমপুরের শ্রীনগর কলেজের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা স্থানীয় উচ্চ বিদ্যালয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়। মোহাম্মদ নাসির ও মিনতী পোদ্দার যথাক্রমে ছাত্র ও ছাত্রীদের বিভাগে ব্যক্তিগত চ্যাম্পিয়নশীপ অর্জন করে। কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মোবারক হোসেন বিজয়ীদের মধ্যে পুরস্কার ও সার্টিফিকেট বিতরণ করেন। খবর প্রেস বিজ্ঞপ্তির।